জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০১৯-২০২০/৪৭৪ তারিখ ঃ ০৯/০১/২০২০

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৩/০১/২০২০ ইং তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। জয়পুরহাট পৌরসভার হতে নারী বিকাশ কেন্দ্র নির্মাণ করণ প্রসঙ্গে।
৩। দরিদ্র ও অসহায় দুস্থ নারীদের মাঝে শীতবস্ত্র বিতরণ প্রসঙ্গে আলোচনা।
৪। বিবিধ।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

..........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১৩/০১/২০২০ ইং
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।

**সিদ্ধান্ত** ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী-২। জয়পুরহাট পৌরসভার হতে নারী বিকাশ কেন্দ্র নির্মাণ করণ প্রসঙ্গে।

আলোচনা ঃ সভাপতি মহোদয় অলোচ্য সূচীতে বলেন, আপনারা অবগত আছেন জয়পুরহাট পৌরসভায় প্রতি বছরের ন্যায় ২০১৯-২০২০ অর্থ বছরে GAP বাস্তবায়নের জন্য বাৰ্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে, যা UGIIP-III প্রকল্পের নিদের্শনা মোতাবেক বাস্তবায়নের বাধ্যকতা রয়েছে। যদিও ইতমধ্যে আমরা পরিকল্পনা অনুযায়ী অনেকগুলো কার্যক্রম বাস্তবায়ন করেছি। পৌর এলাকার নারীদের আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তুলার লক্ষ্যে একটি নারী বিকাশ কেন্দ্র নির্মাণের জন্য অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, এই বিকাশ কেন্দ্রের মধ্যে প্রশিক্ষণ কক্ষ, লাইব্রেরী, নারীদের ইনডোর খেলাধুলার কক্ষ ও নারীদের বিভিন্ন উৎপাদিত পন্য বিক্রয়ের জন্য বিক্রয়কেন্দ্র সহ বিবিধভাবে বিকাশ কেন্দ্রকে সজ্জিত করা যেতে পারে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে উন্মুক্ত আলোচনা কালে এ কমিটির সদস্য জনাব মিসেস রোজী বেগম বলেন, পৌরসভা হতে এটি নির্মিত হলে, একটি উদ্যেগ হিসেবে UGIIP-III প্রকল্প সহ বিভিন্ন পর্যায়ে প্রশংসা পারে। কেননা বর্তমান সরকারের লক্ষ্য হলো দরিদ্রের হার হ্রাস করা, দরিদ্রর হার হ্রাস করতে হলে আমাদের দেশের অর্ধেক জনগোষ্ঠী নারী হওয়ায়, তাদেরকে কর্মসংস্থানমূখী করতে হবে, অর্থাৎ অত্মানির্ভরশীল হিসেবে গড়ে তুলতে হবে। আলোচ্য বিষয়ে এ কমিটির সদস্য জনাব মোঃ সাহেদুল আহসান বলেন, নারী বিকাশ কেন্দ্র স্থাপন একটি ব্যয়বহুল কাজ তাই নারী বিকাশ কেন্দ্র নির্মাণ করণের বিষয়ে পৌর পরিষদ ও মেয়র মহোদয়ের সাথে আলোচনা করার আগে ইঞ্জিনিয়ারদের মাধ্যমে খরচের প্রাক্কলন তৈরী করে উত্থাপন করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত ঃ**

নারী বিকাশ কেন্দ্র নির্মাণ করনের পূর্বে জায়গা নির্ধারণ করার বিষয়ে মেয়র মহোদয়ের সাথে আলোচনা করা এবং জয়গা নির্ধারনের পর জায়গা পরিমাপ করে নির্বাহী প্রকৌশলী বিকাশ কেন্দ্র নির্মাণের খরচের প্রাক্কলন প্রস্তুত করে মেয়র মহোদয়ের কাছে উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

আলোচ্য সূচী-৩। **দরিদ্র ও অসহায় দুস্থ নারীদের মাঝে শীতবস্ত্র বিতরণ প্রসঙ্গে আলোচনা।**

আলোচনাঃ সভাপতি মহোদয় উক্ত বিষয়ে আলোচনা কালে বলেন, মেয়র মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে ১৫০ জন দরিদ্র ও অসহায় দুস্থ নারীদের মাঝে শীতবস্ত্র বিতনেরর সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। আলোচ্য সূচীতে উপস্থিত সদস্যগণ নিম্নোক্তভাবে তাদের মতামত তুলে ধরেন।

জনাবা মিসেস রোজী বেগম, কাউন্সিলর, সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় বলেন, যে ১৫০ জন নারীকে শীতবস্ত্র বিতরণ করা হবে, তার তালিকা এ কমিটির হতে অনুমোদন হওয়া প্রয়োজন।

জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য বলেন, শীতবস্ত্র বিতরণ করার লক্ষ্যে শীতবস্ত্র ক্রয় করার জন্য পৌরসভার ক্রয় কমিটিকে সম্পৃক্ত করে স্টোর কিপারের মাধ্যমে কোটেশনের মাধ্যমে ক্রয় অন্তে স্টক এবং বিতরণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত** ঃ- পৌরসভার ক্রয় কমিটিকে সম্পৃক্ত করে শীতবস্ত্র ক্রয় অন্তে পৌরসভার স্টোর এ স্টক করে এ কমিটির সদস্যদের মাধ্যমে বিতরনের সিদ্ধান্ত গৃহীত হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০১৯-২০২০/৪৮০ তারিখঃ ২৬|০২|২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।

২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।

৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১৩/০১/২০২০ ইং।

রোজ ঃ সোমবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | |